



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৪২.৩০০.১৯.১২১৪

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

**National Internet Exchange (NIX) লাইসেন্স সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী এবং ILDTs Policy, 2010 বাস্তবায়নের উদ্দেশ্যে টেলিযোগাযোগ ক্ষেত্রে অধিকতর প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সরকার উন্মুক্ত লাইসেন্সিং নীতিমালার ভিত্তিতে National Internet Exchange (NIX) লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে। তৎপ্রেক্ষিতে “Regulatory and Licensing Guidelines for Issuing License for establishing, operating and maintaining National Internet Exchange (NIX) Services in Bangladesh” (Guideline) এর অনুমোদন গত ১৭-০৬-২০১২ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রদান করা হয়। বর্ণিত গাইডলাইন অনুযায়ী ইতিমধ্যে ০৯ (নয়) টি প্রতিষ্ঠানকে NIX লাইসেন্স প্রদান করা হয়েছে।

বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় সরকার নতুন করে NIX লাইসেন্স প্রদান করা হবে না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত NIX লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত আবেদন দাখিল না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-১০-২০২১

মোঃ নূরনবী

পরিচালক

বিতরণঃ

১) আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।